

ঝিনাইদহে শিক্ষার্থীদের পরিচ্ছন্নতা অভিযান

জেলা বার্তা পরিবেশক, ঝিনাইদহ

: মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

জুলাইয়ের চেতনাতে জাগ্রত করে তুলতে ঝিনাইদহে পরিষ্কার পরিচ্ছন্ন ও পলিথিন নিষিদ্ধ অভিযান শুরু করেছে শিক্ষার্থীরা।

গতকাল সোমবার সকালে শহরের দেবদারু এভিনিউতে পরিচ্ছন্ন অভিযান শুরু হয়। এতে অংশ নেয় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৩৫ জন শিক্ষার্থী। ঝাড়, বেলচা, কোদাল হাতে নিয়ে বিভিন্ন সড়ক, বসার স্থান ও স্থাপনা পরিষ্কার করে তারা।

পরিচ্ছন্ন অভিযানের নেতৃত্ব দেয়া শিক্ষার্থী ইলমা খাতুন জানায়, শিক্ষার্থীরা জানায়, জেলা পরিষদের সহযোগিতায় তারা 'স্বচ্ছ শহর সজাগ ইতিহাস' কর্মসূচির ওপর কাজ করছে। আগামী ৩০ জুলাই পর্যন্ত চলবে এই কর্মসূচি। এতে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক, স্থাপনা, স্থান পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে। পাশাপাশি পলিথিনের ব্যবহার বন্ধে সবাইকে আহ্বান জানানো হবে। পরিবেশবান্ধব জীবনযাপন গড়ে তুলতেই এই উদ্যোগ বলে জানান আয়োজকরা।